

৩৫. শ্লোগান

সাম্রাজ্যবাদ শেষ হলেও শেষ হয়নি বিবাদ

এ বাংলায় নতুন রুপে জন্ম নিল জঞ্জিবাদ;

হিটলারের সাম্রাজ্যবাদ রাজনীতিতে ২য় বিশ্বযুদ্ধে হিরোসিমা হয়েছিল বরবাদ।

আজও মরছে মানুষ দিন-দুপুরে

সর্বত্র চলছে গ্রেনেড, বোমার আবাদ;

তৃতীয় বিশ্বযুদ্ধে এবার মেঘ, বিজলী, বাদল রুপে চোখ পাকাচ্ছে জঞ্জিবাদ।

বাংলাদেশের ছায়া তলে জঞ্জিবাদ উঁকি মারে

পবিত্র ধর্মকে আশ্রয় করে হীন যাত্রা শুরু করে;

রুখে দাঁড়াও সকল ধর্মের সকল মানুষ, ঘৃণা কর, যারা করছে সর্বনাশ।

রাজনীতিকে কুলষিত করছে যারা

সবাই মিলে এ বাংলা থেকে ওদের তাড়া;

এ বিশ্বের কোন ধর্মেই ধর্ম রক্ষায় মানুষ মারতে নেই বিধান।

জিহাদ বলে মানুষ মেরে কখনো না শান্তি মিলে

আপন ভাইকে নিজে মারলে, শক্তি যায় যে রসাতলে;

তাই সবাই মিলে এক পতাকাতলে এসে জঞ্জিবাদের বিরুদ্ধে গাই শ্লোগান।

